

## সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৬৭৫

৪৬/ রাসূলুল্লাহ ্রান্ত্র ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولَ اللهِ كَالْكُ اللهِ كَاللهُ পরিচ্ছেদঃ ১৬. আবূ বাকর ও 'উমার (রাযিঃ)-এর গুণাবলী।

## আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ الْبَزَّانُ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا الْفَضْلُ بْنُ دُكَيْنِ، حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعُدٍ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ أَبِيهِ، قَالَ سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ، يَقُولُ أَمَرَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ نَتَصَدَّقَ فَوَافَقَ ذَلِكَ عِنْدِي مَالاً فَقُلْتُ الْيَوْمَ أَسْبِقُ أَبَا بَكْرٍ اللَّهِ صلى الله عليه وسلم " مَا إِنْ سَبَقْتُهُ يَوْمًا قَالَ فَجِئْتُ بِنِصْفِ مَالِي فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا إِنْ سَبَقْتُهُ يَوْمًا قَالَ فَجِئْتُ بِنِصْفِ مَالِي فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَا أَبْقَيْتَ لأَهْلِكَ " . قُلْتُ مِثْلَهُ وَأَتَى أَبُو بَكْرٍ بِكُلِّ مَا عِنْدَهُ فَقَالَ " يَا أَبَا بَكْرٍ مَا أَبْقَيْتَ لأَهْلِكَ " . قَلْتُ مَ اللّهَ وَرَسُولَهُ قُلْتُ وَاللّهِ لاَ أَسْبِقُهُ إِلَى شَيْءٍ أَبَدًا . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ . قَالَ أَبْقَيْتُ لَهُمُ اللّهَ وَرَسُولَهُ قُلْتُ وَاللّهِ لاَ أَسْبِقُهُ إِلَى شَيْءٍ أَبَدًا . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ .

## বাংলা

৩৬৭৫। যাইদ ইবনু আসলাম (রহঃ) কর্তৃক তার পিতা হতে বর্ণিত আছে, তিনি বলেন, "উমার ইবনুল খান্তাব (রাযিঃ)-কে আমি বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম (তাবুকের যুদ্ধের প্রাক্কালে) আমাদেরকে দান-খাইরাত করার হুকুম করেন। সৌভাগ্যক্রমে ঐ সময় আমার সম্পদও ছিল। আমি (মনে মনে) বললাম, যদি আমি কোন দিন আবূ বকর (রাযিঃ)-কে ডিঙ্গাতে পারি তাহলে আজই সেই সুযোগ। উমার (রাযিঃ) বলেন, আমি আমার অর্ধেক সম্পদ নিয়ে এলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমার পরিবার - পরিজনদের জন্য তুমি কি বাকি রেখে এসেছ? আমি বললাম, এর সমপরিমাণ। আর আবূ বকর (রাযিঃ) তার সমস্ত মাল নিয়ে আসলেন। তিনি বললেনঃ হে আবূ বকর! তোমার পরিবার-পরিজনদের জন্য তুমি কি বাকি রেখে এসেছ? তিনি বললেন, তাদের জন্য আল্লাহ ও তার রাসূলকেই রেখে এসেছি। আমি (মনে মনে) বললাম, কখনও আমি কোন প্রসঙ্গে আবূ বকর (রাযিঃ)-কে ডিঙ্গাতে পারব না।

হাসানঃ মিশকাত (৬০৩০)।

আবু ঈসা বলেন, এ হাদীসটি হাসান সহীহ।



## **English**

Narrated Zaid bin Aslam:

"I heard 'Umar bin Al-Khattab saying: 'We were ordered by the Messenger of Allah (\*\*) to give in charity, and that coincided with a time in which I had some wealth, so I said, "Today I will beat Abu Bakr, if ever I beat him."' So I came with half of my wealth, and the Messenger of Allah (\*\*) said: "What did you leave for your family?" I said: "The like of it." And Abu Bakr came with everything he had, so he said: "O Abu Bakr! What did you leave for your family?" He said: "I left Allah and His Messenger for them." I said: '[By Allah] I will never be able to beat him to something.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু আসলাম (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন